গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হোমনা, কুমিল্লা ।

স্মারক নংঃ ০৫.২০.১৯৫৪,১০১.০০০.০০০০.২০১৮- ৯১ তারিখঃ ৩০/০১/২০১৯খ্রিঃ।

# পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনী গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরীর শর্তাবলী সম্পর্কিত বিধিমালা'২০১৫ মোতাবেক হোমনা উপজেলার নিম্নবর্ণিত ০৯টি ইউনিয়ন পরিষদের নামের পার্শ্বে উল্লিখিত সংখ্যক শুন্যপদে মহল্লাদার পদে নিয়োগের জন্য একটি প্যানেল তৈরীর জন্য সংশ্লিষ্ট ইউনিয়নে প্রকৃত যোগ্যতা সম্পন্ন বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তানুসারে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহবান করা যাচ্ছে ঃ-

| দের নাম | শিক্ষাগত যোগ্যতা | বেতন/ভাতাদি | শারীরিক যোগ্যতা | ইউনিয়নের নাম ও শুন্যপদের সংখ্যা | |
|---|---|---|---|---|---|
| | | | | ইউনিয়নের নাম | শুন্যপদের সংখ্যা |
| মহল্লাদার | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ৮ম শ্রেনী উত্তীর্ণ বা জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | মাসিক ৩,০০০/- টাকা বেতন ও ২টি উৎসব ভাতাসহ প্রচলিত অন্যান্য সুবিধাদি। | **পুরুষ প্রার্থীর ক্ষেত্রেঃ**<br>ক) সর্বনিম্ন উচ্চতা ৫ফুট-২ইঞ্চি।<br>খ) বুকের মাপ-৩০ইঞ্চি(স্বাভাবিক), ৩২ ইঞ্চি (সম্প্রসারণ)<br>গ) সর্বনিম্ন ওজান- ৫০ কেজি।<br><br>**মহিলা প্রার্থীর ক্ষেত্রেঃ**<br>ক) সর্বনিম্ন উচ্চতা ৫ফুট।<br>খ) বুকের মাপ ২৮ইঞ্চি (স্বাভাবিক), ৩০ ইঞ্চি (সম্প্রসারণ)<br>গ) সর্বনিম্ন ওজান- ৪৫ কেজি। | মাথাভাঙ্গা | ০৪টি |
| | | | | আসাদপুর | ০২টি |
| | | | | নিলখী | ০১টি |
| | | | | ঘাগুটিয়া | ০৩টি |
| | | | | দুলালপুর | ০৭টি |
| | | | | চান্দেরচর | ০১টি |
| | | | | জয়পুর | ০৬টি |
| | | | | ঘারমোড়া | ০৩টি |
| | | | | ভাষানিয়া | ০৪টি |
| | | | | মোট | ৩১টি |

আবেদনের শর্তাবলী ঃ-

১. নির্ধারিত চাকুরীর আবেদন ফরমে আবেদনপত্র আগামী ১৫/০২/২০১৯খ্রিঃ তাখিের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, হোমনা, কুমিল্লা বরাবরে নির্ধারিত সময়ের মধ্যে রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণ করতে হবে। নির্ধারিত তারিখের পর এবং হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণ করা হবেনা। খামের উপর ইউনিয়নের নাম, ওয়ার্ড নম্বর, পদের নাম ও কোটা (যদি থাকে) উল্লেখ করতে হবে।

২. আবেদনকারীর বয়স ১৫/০২/২০১৯খ্রিঃ তারিখে ১৮-৩০বছর হতে হবে। মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ক্ষেত্রে বয়স ৩২বছর গতে হবে।

৩. আবেদনকারী সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে। তবে সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।

৪. আবেদনপত্রে সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩কপি রঙ্গিন ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি, জন্ম নিবন্ধন/ ভোটার আইডি কার্ডের সত্যায়িত কপি, নিজ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের নিকট হতে নাগরিকত্বের সনদপত্র, ১ম শ্রেনীর গেজেটেড অফিসারের নিকট হতে চারিত্রিক সনদপত্র দাখিল করতে হবে।

৫. আবেদনকারীকে সোনালী ব্যাংক/ জনতা ব্যাংক/ অগ্রনী ব্যাংক লিঃ, হোমনা/ দুলালপুর/ রামকৃষ্ণপুর শাখা হতে উপজেলা নির্বাহী অফিসার, হোমনা, কুমিল্লা এর অনুকূলে অফেরতযোগ্য ১০০/-(একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দাখিল করতে হবে।

৬. আবেদনকারী যে ঠিকানায় ইন্টারভিউ কার্ড পেতে ইচ্ছুক সেই ঠিকানা সম্বলিত ১০/- টাকার ডাকটিকেট যুক্ত একটি খাম আবেদনের সাথে যুক্ত করতে হবে।

Scanned by CamScanner

৭. মহল্লাদার পদে নিয়োগের ক্ষেত্রে পরীক্ষার মেধাক্রম. শারীরিক ও মানসিক যোগ্যতাসহ সরকার নির্ধারিত বিভিন্ন কোটা ( মুক্তিযোদ্ধা/ মহিলা/ আনসার ভিডিপি/ এতিম নিবাসী ইত্যাদি) পদ্ধতি অনুসরণ করা হবে। প্রার্থী মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার নামে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রনালয় হতে ইস্যুকৃত সনদের সত্যায়িত কপি ও মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক উল্লেখ করে ইউপি চেয়ারম্যানের নিকট হতে একটি প্রত্যায়নপত্র দাখিল করতে হবে। অন্যান্য কোটায় নিয়োগ প্রার্থীদের উপযুক্ত কর্তৃপক্ষের নিকট হতে প্রত্যয়নপত্র আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। নিয়োগের ক্ষেত্রে উপযুক্ত বিবেচিত হলে অবসরপ্রাপ্ত/মৃত গ্রামপুলিশের পুত্র/কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেয়া হবে।

৮. নিয়োগের বিষয়ে কোন তদ্বির/ সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বিবেচিত হবে। সেক্ষেত্রে প্রার্থীর আবেদন সরাসরি বাতিল বলিয়া গণ্য হবে।

৯. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল, পদসংখ্যা হ্রাস/ বৃদ্ধি করাসহ যেকোন সিদ্ধান্ত গ্রহনের ক্ষমতা সংরক্ষণ করেন।

১০. ইতিপূর্বে যারা মহল্লাদার পদে আবেদন করেছে, তাদের পুনঃ আবেদন করার প্রয়োজন নেই ।

১১. নিয়োগ পরীক্ষায় অংশ গ্রহনের জন্য কোন টিএ/ ডিএ প্রদান করা হবেনা।

( আজগর আলী )
উপজেলা নির্বাহী অফিসার
হোমনা, কুমিল্লা ।

স্মারক নংঃ ০৫.২০.১৯৫৪,১০১.০০০.০০০০.২০১৮- ৯৬ /১(৫০), তারিখঃ ৩০/০৯/২০১৮খ্রিঃ।

অনুলিপি ঃ- সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ।

১। জেলা প্রশাসক, কুমিল্লা ।

২। পুলিশ সুপার, কুমিল্লা ।

৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা ।

৪। সিনিয়র সহকারী সচিব (বিজ্ঞাপন), তথ্য মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (বিজ্ঞপ্তিখানা সরকারী ব্যয়ে একটি বহুল প্রকাশিত জাতীয় দৈনিকে এবং ১টি স্থানীয় পত্রিকায় ১দিনের সংখ্যায় প্রকাশ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো )

অনুলিপিঃ- অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো ।

৫। উপজেলা ------------------------------------ অফিসার/ অফিসার ইনচার্জ, হোমনা থানা, হোমনা,কুমিল্লা ।

৬। চেয়ারম্যান/ সচিব, --------------------ইউনিয়ন পরিষদ, হোমনা, কুমিল্লা। (বিজ্ঞপ্তিখানা বহুল প্রচারের হাট/বাজার/ জনবহুল স্থানে ব্যাপক মাইকিং করার এবং নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের জন্য )

৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ---------------------------ইউনিয়ন ভূমি অফিস, হোমনা, কুমিল্লা ।

৮। নোটিশ বোর্ড (অত্র কার্যালয়)।

( আজগর আলী )
উপজেলা নির্বাহী অফিসার
হোমনা, কুমিল্লা ।

Scanned by CamScanner